**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-১**
**www.lawjusticediv.gov.bd**

স্মারক নং-১০.০০.০০০০.১২৫.১১.০০১.১৭-১৮৭

তারিখ : ১২ ফাল্গুন ১৪৩১ / ২৫ ফেব্রুয়ারি ২০২৫

**প্রজ্ঞাপন**

**বিষয় : আইন ও বিচার বিভাগের বিচার শাখা-১-এর বিগত ২৫/০৯/২০২৪ তারিখের ১০.০০.০০০০.১২৫.১১.০০১.১৭.৬৭৫ নম্বর প্রজ্ঞাপন সংশোধন।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে 'শিক্ষানবিশ সহকারী জজগণের প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা আদেশ, ২০০৮'-এর অনুচ্ছেদ ৪(১)(চ) এর শর্তাংশের এখতিয়ারমূলে অত্র বিভাগের বিচার শাখা-১ এর বিগত ২৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখের প্রজ্ঞাপন নম্বর ১০.০০.০০০০.১২৫.১১.০০১.১৭.৬৭৫ এর অনুচ্ছেদ ২ এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ নতুন দফা (ক) প্রতিস্থাপন করে উক্ত প্রজ্ঞাপন সংশোধন করা হলো-

"(ক) শিক্ষানবীশ সহকারী জজ হিসেবে চাকুরিতে যোগদানের তারিখ হতে ০৫ (পাঁচ) মাস সিনিয়র সহকারী জজ আদালত, যুগ্ম জেলা ও দায়রা জজ আদালত, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, অতিরিক্ত জেলা ও দায়রা জজ এবং জেলা ও দায়রা জজ আদালতে সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজ এর তত্ত্বাবধানে আদালতের কার্যাবলি পরিচালনা, অফিস ব্যবস্থাপনা এবং সরকারি আইনি সহায়তা কাযর্ক্রম সম্পর্কে প্রশিক্ষণ গ্রহণ করবেন;"

২। জনস্বার্থে এই আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**(এ. এফ. এম গোলজার রহমান)** 25.02.25
উপসচিব (প্রশাসন-১)

স্মারক নং-১০.০০.০০০০.১২৫.১১.০০১.১৭-১৮৭/১(১৩)

তারিখ : ১২ ফাল্গুন ১৪৩১ / ২৫ ফেব্রুয়ারি ২০২৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. জেলা ও দায়রা জজ, বরিশাল/হবিগঞ্জ/যশোর/সিরাজগঞ্জ।
(উক্ত প্রজ্ঞাপনের আলোকে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৩. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫ কলেজ রোড, ঢাকা।

৪. পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
৫. উপদেষ্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৭. জনাব/ বেগম.............................................................।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা
(উপর্যুক্ত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার অনুরোধসহ)
৯. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা
১০. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস বরিশাল/সিলেট/খুলনা/রাজশাহী।
১১. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার বরিশাল/হবিগঞ্জ/যশোর/সিরাজগঞ্জ।
১২. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. গার্ড ফাইল
১৪. অফিস কপি

২৫/০/২৫

(মোঃ একরামুল কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৫৫১০০৪১২